তারিখ ..17 MAY 2016.......
পৃষ্ঠা ...৬ ৪ কলাম ..৪.........

সংবাদ

# এমপিওভুক্তির দাবিতে আইসিটি শিক্ষকদের অবস্থান ধর্মঘট অব্যাহত

নিজস্ব বার্তা পরিবেশক

এমপিওভুক্তির দাবিতে টানা দ্বিতীয় দিনের মতো জাতীয় প্রেসক্লাবের সামনে অবস্থান ধর্মঘট পালন করেছেন বিভিন্ন জেলা থেকে আসা মাধ্যমিক পর্যায়ের আইসিটি বিষয়ের শিক্ষকরা। গতকাল দু'শতাধিক এমপিওবঞ্চিত আইসিটি শিক্ষক প্রেসক্লাবের সামনে লাগাতার ধর্মঘটে মাথায় কাফনের কাপড় পড়ে ধর্মঘটে অংশ নেয়। এ সময় তারা বিভিন্ন স্লোগান দেন। শিক্ষকরা জানান, ১৯৯৬ সালে আওয়ামী লীগ সরকার ক্ষমতায় আসার পর প্রধানমন্ত্রী শেখ হাসিনা ডিজিটাল দেশ গড়ার লক্ষ্যে মাধ্যমিক পর্যায়ে কম্পিউটার শিক্ষা চালু করেন। এরই ধারাবাহিকতায় বর্তমান সরকার প্রতিটি মাধ্যমিক বিদ্যালয়ে একজন করে কম্পিউটার শিক্ষক নিয়োগ দিয়েছে। কিন্তু তারা বেতনভাতা পাচ্ছেন না।

২০১১ সালের ১৩ নভেম্বর এক পরিপত্রের মাধ্যমে 'আইসিটি' শিক্ষকদের এমপিও স্থগিত করা হয়। পরবর্তীতে ২০১২ সালে মাধ্যমিক পর্যায়ে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি) বিষয়টি ষষ্ঠ শ্রেণী থেকে দ্বাদশ শ্রেণী পর্যন্ত আবশ্যিক বিষয় হিসেবে পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত করা হয়।

আন্দোলনকারী শিক্ষক সংগঠনের সভাপতি মো. আশিকুজ্জামানের সভাপতিত্বে অনুষ্ঠিত ধর্মঘটে সাধারণ সম্পাদক এসএম শামীমুর রহমান বলেন, 'আমরা প্রতিটি বিদ্যালয়ে মাল্টিমিডিয়া প্রজেক্টরের মাধ্যমে পাঠদান করছি। দুঃখের বিষয়, প্যাটার্নভুক্ত শিক্ষক হওয়া সত্ত্বেও আমরা কোন ধরনের পারিশ্রমিক ও বেতনভাতা পাচ্ছি না। তাই অবিলম্বে আইসিটি শিক্ষকদের এমপিওভুক্তকরণের দাবি জানাই।' তিনি সমস্যা সমাধানের জন্য অর্থমন্ত্রী ও শিক্ষামন্ত্রীর কাছে সহযোগিতার আহ্বান জানান।